## তানিয়া ট্রাভেলস এন্ড ট্যুরস এজেন্সী নবায়ন বাতিল আদেশের বিরুদ্ধে আপীল শুনানীর আদেশনামা

আপীল নং-১১৪/২০২১

তারিখঃ ০৩/১১/২০২১

| আদেশের ক্রমিক নং ও তারিখ | আদেশ ও কর্মকর্তার স্বাক্ষর | আদেশের উপর গৃহীত ব্যবস্থা |
|---|---|---|
| ২৬/১২/২০২১ | অদ্য শুনানী গ্রহণ করা হ'ল। আপীলকারী জনাব দলিলুর রহমান (দুলাল), স্বত্বাধিকারী, তানিয়া ট্রাভেলস এন্ড ট্যুরস, ৩২, নয়া পল্টন, ডিআইটি এক্সটেনশন রোড, ঢাকা হাজির হয়ে মৌখিক বক্তব্য প্রদান করেন। যা রেকর্ড করা হলো। আপীলকারীর জানান যে, এজেন্সীটির নবায়ন আবেদনের মেয়াদ উর্ত্তীণের তারিখ ছিল ৩১/১০/২০১৯ এবং এজেন্সীটি নবায়ন আবেদন দাখিল করা হয় ৩১/১২/২০১৯ তারিখে। তাঁর এজেন্সী নবায়ন আবেদন নির্ধারিত সময়ে দাখিল না করার কারণে ০১/০১/২০২০ তারিখে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নবায়ন আবেদনটি বাতিল করা হয়। উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে ০৩/১১/২০২১ তারিখে ১১৪/২০২১ নং আপীল দায়ের করেন। “বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩” এর ১০ ধারার বিধান অনুযায়ী নিবন্ধন আবেদন বাতিলাদেশের পরবর্তী ৬০(ষাট) দিনের মধ্যে আপীল আবেদন করার বিধান রয়েছে।<br><br>**বিচার্য বিষয়াবলী:**<br><br>(ক) আপিলকারী বর্ণিত যথাসময়ে নবায়নের আবেদন দাখিল করতে না পারার কারণসমূহ যুক্তিযুক্ত কিনা?<br>(খ) নিবন্ধন কর্তৃপক্ষের আদেশটি ন্যায়সঙ্গা কিনা?<br>(গ) আপিলকারী প্রতিকার পাওয়ার হকদার কিনা?<br><br>**আপিলকারীর বক্তব্যে** : শুনানীর সময় এজেন্সীর মালিক জানান যে, নির্ধারিত সময়ের মধ্যে নবায়নের আবেদন দাখিল না করার কারণে সনদ বাতিল করা হয়। কোভিড এর কারণে যথাসময়ে আপীল আবেদন করতে পারেননি। এছাড়া আপীলকারীর নিবন্ধন সংশ্লিষ্ট কাগজপত্রাদি প্রদর্শন করেন।<br><br>**পর্যালোচনা, সিদ্ধান্ত এবং সিদ্ধান্তের কারণসমূহ :**<br><br>(ক) আপীলকারী বক্তব্যে পর্যালোচনা দেখা জানা যায় যে, তানিয়া ট্রাভেলস এন্ড ট্যুরস এজেন্সীটির নিবন্ধন আবেদনের মেয়াদ উর্ত্তীণের তারিখ ছিল ৩১/১০/২০১৯ এবং এজেন্সীটি নবায়ন আবেদন দাখিল করেছেন ৩১/১২/২০১৯ তারিখে। তাঁর এজেন্সী নবায়ন আবেদন নির্ধারিত সময়ে দাখিল না করার কারণে ০১/০১/২০২০ তারিখে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নবায়ন আবেদনটি বাতিল করা হয়।“বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩” এর ১০ ধারার বিধান অনুযায়ী নিবন্ধন আবেদন বাতিলাদেশের পরবর্তী ৬০(ষাট) দিনের মধ্যে আপীল আবেদন করার বিধান রয়েছে। কিন্তু আপীলকারী নিবন্ধন আবেদন বাতিল আদেশের বিরুদ্ধে আপীল দায়ের করেছেন ০৩/১১/২০২১ তারিখে আর্থাৎ নিবন্ধন সনদ নবায়ন আবেদন বাতিলাদেশের প্রায় ০১ (এক) বছর ১০(দশ) মাসের অধিক বিলম্বে। আপীলকারী বাতিলাদেশের বিরুদ্ধে যে যুক্তি প্রদর্শন করেন তা হলো, কোভিড এর কারণে যথাসময়ে আপীল আবেদন করতে পারেননি। আপীলকারীর বাতিলাদেশের বিরুদ্ধে যে যুক্তি উপস্থাপন করেছেন, তা সঠিক বলে প্রতীয়মান নয়। তাই আপীলকারী যুক্তিটি যথাযথ নয়।<br><br>(খ) বিলম্বে আবেদন করার বিষয়ে আপীলকারী উল্লেখযোগ্য কারণ প্রদর্শনে ব্যর্থ হন। তাই নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধন আবেদন বাতিলাদেশ যথাযথ হয়েছে মর্মে প্রতিয়মান হয়। | |

অ:পৃ:দ্র:

(গ) বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩" এর ১০ ধারার বর্ণনা মোতাবেক আইনের ৭ ধারার উপধারা ৩(খ) এর অধীন নিবন্ধন আবেদন না মঞ্জুর হলেই আপিল দায়ের করা যায়। আইনের (২০২১ সালের সংশোধনীর পূর্বে) ৭(৩) ধারা মোতাবেক দাখিলকৃত কাগজপত্রাদি ও তথ্যাদির বিষয়ে নিবন্ধন কর্তৃপক্ষ ন্যায় বিচার না করলে আপিল কর্তৃপক্ষ ন্যায় বিচারের স্বার্থে আদেশ প্রদান করতে পারেন। কিন্তু আপীলকারী নির্ধারিত সময়ে নবায়ন আবেদন দাখিল না করলে এবং যথাসময়ে মধ্যে আপীল আবেদন দাখিল না করলে এ ধরণের কোনো সুযোগ পেতে পারেন না। তাই আপিলকারী এ আপিলে প্রতিকার পাওয়ার হকদার নয়। অতএব আদেশ হলো যে;

**আদেশ**

বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩" এর ১০ ধারা এবং " বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৪ এর বিধি ১১(২) এর বিধান অনুযায়ী ১১৪/২০২১ নং আপীল আবেদনটি "নামঞ্জুর" পূর্বক নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক ০১/০১/২০২০ তারিখের নিবন্ধন আবেদন বাতিলের আদেশটি বহাল রাখা হল। সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।

স্বাক্ষরিত/-২৬/১২/২০২১
এ.এইচ.এম. গোলাম কিবরিয়া
অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (প্রশাসন ও পর্যটন) ও আপীল কর্তৃপক্ষে এর দপ্তর

নং-৩০.০০.০০০০.০০৩.৯৯.১১৪.২০২১-৬৮৪ তারিখ: ২৮/১২/২০২১

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভগ, স্বরাষ্ট মন্ত্রণালয়/প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক(বিশেষ শাখা), রাজারবাগ, ঢাকা।
৩) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
৪) যুগ্ম-সচিব(নিবন্ধন কর্তৃপক্ষ),বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) জেলা প্রশাসক, ঢাকা।
৬) উপসচিব(পর্যটন-৩ শাখা, রুটিন দায়িত্ব), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় ,ঢাকা
৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
৮) প্রোগ্রামার এ মন্ত্রণালয়(ওয়েব সাইটে প্রকাশে জন্য)।
৯) অতিরিক্ত সচিব (আপীল কর্তৃপক্ষ) এর ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
১০) মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ(আটাব), সাত্তারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, (১৬ তলা,) ঢাকা-১০০০।
১১) ব্যবস্থাপক, ইন্টারন্যাশনাল রিলেশনশিপ, আইএটিএ বাংলাদেশ, হোসনা সেন্টার, (৩য় তলা), স্যুট-১২০, ১০৬, গুলশান এভিনিউ, ব্লক-এসই(সি), গুলশান, ঢাকা।
১২) বাংলাদেশে অবস্থিত সকল এয়ারলাইন্সসমূহ-----------------------------------
১৩) জনাব দলিলুর রহমান (দুলাল), স্বত্বাধিকারী, তানিয়া ট্রাভেলস এন্ড ট্যুরস, ৩২, নয়া পল্টন, ডিআইটি এক্সটেনশন রোড, ঢাকা

(শ্যামলী নবী) ২৮/১২/২১
উপসচিব
পর্যটন-৩ শাখা (রুটিন দায়িত্ব)
ফোন: ০২-৯৫৪০৮৩৯
ই-মেইল: dstourism3@mocat.gov.bd